গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৭৫

## উৎসব ছাড়াই বই বিতরণ

রাজশাহী; ১৭ পৌষ (পহেলা জানুয়ারি):

সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে ঘোষিত রাষ্ট্রীয় শোকের মধ্যে পড়ায় এ বছর উৎসব ছাড়াই প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হয়েছে নতুন বই।

আজ (১ জানুয়ারি) বৃহস্পতিবার সারাদেশের ন্যায় রাজশাহীতেও সকাল থেকে শিক্ষার্থীদের হাতে ২০২৬ শিক্ষাবর্ষের নতুন বই তুলে দেয় সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকগণ।

মাধ্যমিক পর্যায়ের কিছু বই এখনো না পৌঁছালেও প্রাথমিকের চাহিদার শতভাগ বই বিদ্যালয়গুলোতে পৌঁছে গেছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট শিক্ষা দপ্তরসমূহ।

বিভাগীয় প্রাথমিক শিক্ষা দপ্তরের তথ্য মতে, এ বছর রাজশাহী বিভাগের ৮ জেলায় প্রাক প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত মোট বইয়ের চাহিদা ছিল ১ কোটি ২৭ হাজার ১৮৫টি। এ চাহিদার বিপরীতে শতভাগ বই পাওয়া গেছে বলে জানিয়েছে রাজশাহী বিভাগীয় প্রাথমিক শিক্ষা দপ্তরের উপপরিচালক মো. সানাউল্লাহ।

অন্যদিকে জেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের তথ্য মতে, রাজশাহী জেলাতে মাধ্যমিক, ইবতেদায়ি ও দাখিল এবং এসএসসি ভোকেশনালের ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত মোট ৩৭ লাখ ৪ হাজার ৩০২টি বইয়ের চাহিদার বিপরীতে ১৮ লাখ ৮ হাজার ১৪৬টি বই পাওয়া গেছে।

...............................................................
তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৬:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd